গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ অধিশাখা
www.rthd.govd.bd

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/০১ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-২০৮।- সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ডিজেলের মূল্য হ্রাস ও বর্তমান পরিচালনা ব্যয়জনিত কারণে ডিজেল চালিত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করলঃ

(ক) আন্তঃজেলা ও দূরপাল্লার রুটে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত যাত্রি প্রতি কিলোমিটার সর্বোচ্চ ভাড়া ২.১৫ টাকার স্থলে ২.১২ টাকা নির্ধারণ করা হলো;

(খ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত যাত্রি প্রতি কিলোমিটার ভাড়া ২.৪৫ টাকার স্থলে ২.৪২ টাকা নির্ধারণ করা হলো;

(গ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী মিনিবাস এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত যাত্রি প্রতি কিলোমিটার ভাড়া ২.৩৫ টাকার স্থলে ২.৩২ টাকা নির্ধারণ করা হলো;

(ঘ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়া যথাক্রমে ১০.০০ টাকা এবং ৮.০০ টাকা পূর্বের ন্যায় বহাল থাকবে; এবং

(ঙ) আরামদায়ক ভ্রমণের জন্য বিআরটিএ কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা কমিয়ে বাস/মিনিবাসের আসন সংখ্যা পুনর্বিন্যাস করা হলে উপরিউক্ত অনুচ্ছেদ-ক অনুযায়ী নির্ধারিত ভাড়া আনুপাতিকভাবে পুনঃনির্ধারিত করতে হবে। সেক্ষেত্রে রুট পারমিট অনুমোদনকারী কর্তৃপক্ষ (বিআরটিএ)/যাত্রী ও পণ্য পরিবহন কমিটি হতে আনুপাতিকভাবে ভাড়ার হার অনুমোদন করিয়ে নিতে হবে।

২। এ ভাড়ার হার গ্যাস চালিত বাস/মিনিবাসের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

৩। ডিজেল চালিত বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ সংক্রান্ত ইতঃপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতদ্বারা রহিত করা হলো।

৪ এ ভাড়ার হার প্রতিটি বাস ও মিনিবাসের দৃশ্যমান স্থানে আবশ্যিকভাবে টাঙ্গিয়ে রাখতে হবে।

৫ জনস্বার্থে জারিকৃত এ ভাড়ার হার ২ এপ্রিল ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ মনিরুল আলম) ০১/০৪/২০২৪
উপসচিব